



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং: ৩৭.০২.০০০০.১০৬.২৭.০০১.২০২০-১১৯৬

তারিখ: ১৪/১০/২০২১খ্রি.

বিষয়: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন ঢাকা মহানগরীর সকল শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত ১২-১৭ বছর বয়সী শিক্ষার্থীদের কোভিড-১৯ টিকা প্রদান সংক্রান্ত।



উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন ঢাকা মহানগরীর সকল শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত ১২-১৭ বছর বয়সী শিক্ষার্থীদের কোভিড-১৯ টিকা প্রদানের জন্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে। তাই তার প্রতিষ্ঠানের ১২-১৭ বছর বয়সী শিক্ষার্থীদের তথ্য নিম্নলিখিত ছক অনুসারে Excel সিতে আগামী ১৯/১০/২০২১ তারিখের মধ্যে পূরণপূর্বক [student.vaccination2021@gmail.com](mailto:student.vaccination2021@gmail.com) ই-মেইল ঠিকানায় প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, তথ্যগুলো অবশ্যই ইংরেজিতে এবং সংযুক্ত Excel ফাইলে পূরণ করে প্রেরণ করতে হবে।

তথ্য ছক

Birth Regis. Number (17 digits)	Name	Gender (Male/Female)	EIIN	Institution Name	Date of Birth (YYYY-MM-DD)	Guardian's Mobile Number

বিষয়টি অতীব জরুরী।

সংযুক্তি: তথ্য প্রেরণের Excel সিট।

  
(প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক)  
মহাপরিচালক  
ফোন-২২৩৩৫১০৫৭  


অধ্যক্ষ/প্রধান শিক্ষক

কলেজ/স্কুল এন্ড কলেজ/স্কুল, ঢাকা মহানগরী।

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা [প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]।
- ০৩। জেলা প্রশাসক, ঢাকা।
- ০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা [নির্দেশনাটি মাউশি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।
- ০৫। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা [প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]।
- ০৬। জেলা শিক্ষা অফিসার, ঢাকা [প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]।
- ০৭। থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, ঢাকা মহানগরী [প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
- ০৮। সংরক্ষণ নথি।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন ঢাকা মহানগরীর সকল শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত ১২-১৭ বছর বয়সী শিক্ষার্থীদের কোভিড-১৯ টিকা প্রদানের লক্ষ্যে তথ্য প্রেরণের জন্য প্রতিষ্ঠান প্রধানদের জন্য নির্দেশিকা

১। প্রতিষ্ঠান হতে সংযুক্ত এক্সেল ফাইলে ১২-১৭ বছর বয়সী সকল শিক্ষার্থীদের তথ্য পূরণ করে প্রেরণ করতে হবে। একটি প্রতিষ্ঠান হতে কেবল একটি এক্সেল ফাইল প্রতিষ্ঠান প্রধান ই-মেইলে প্রেরণ করবেন। শিক্ষার্থীদের হতে আলাদা কোন ই-মেইল প্রেরণ করার প্রয়োজন নেই।

২। সকল তথ্য ইংরেজীতে পূরণ করতে হবে।

৩। এক্সেল ফাইলের কলামসমূহ:

- “birth\_reg\_no” কলামে শিক্ষার্থীর ১৭ ডিজিটের জন্ম নিবন্ধন নম্বর দিতে হবে। এক্সেল ফাইলের এই কলামটির ফরম্যাট “Text” থাকতে হবে।
- “Student\_name” কলামে শিক্ষার্থীর নাম লিখতে হবে।
- “gender (Male/Female)” কলামে শিক্ষার্থীর gender Male হলে “Male” আর Female হলে “Female” লিখতে হবে।
- “EIIN” কলামে প্রতিষ্ঠানের ৬ ডিজিটের EIIN লিখতে হবে।
- “institution\_name” কলামে প্রতিষ্ঠানের নাম লিখতে হবে।
- “dob (yyyy-mm-dd)” কলামে শিক্ষার্থীর জন্ম তারিখ দিতে হবে। জন্ম তারিখ কলামের ফরম্যাট হচ্ছে “yyyy-mm-dd”। উদাহরণ: জন্ম তারিখ ১৮ই জুন ২০০৫ হলে লিখতে হবে 2005-06-18
- “GUARDIAN'S MOBILE NUMBER” কলামে শিক্ষার্থীর অভিভাবকের মোবাইল নম্বর দিতে হবে।